গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৯/১২/২০২০ খ্রি.

# ২০১৮ সনের ডিগ্রী (পাস) ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৮ সনের ডিগ্রী (পাস) ৩য় বর্ষ পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

**** শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ, ফি জমা ও ফরম জমাদানের শেষ তারিখ: ১০/০১/২০২১ খ্রি.****

**নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি**

| বিষয়ের নাম | পরীক্ষার ফি |
|---|---|
| ৩য় বর্ষ (৭০০ নম্বর) নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট | ২,৬০৫.০০ |
| ব্যবহারিক প্রতি পত্রের জন্য অতিরিক্ত | ১৫০/- |
| সার্টিফিকেট কোর্স | ১,৭০৫.০০ |
| প্রাইভেট পরীক্ষার্থীদের কলেজ ইনকোর্স ফি (নগদ দিতে হবে) | ২০০/- |
| যে সকল ছাত্রীদের গার্হস্থ্য অর্থনীতি বা মনোবিজ্ঞান বিষয় রয়েছে তারা সংশ্লিষ্ট বিভাগে ব্যবহারিক পরীক্ষার দিন ১৩০/- টাকা ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি জমা দিবে। | |

২। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)ঃ

ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Formfilup বাটনে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের পূরণকৃত ফরম ০২ কপি প্রিন্ট করে ০১ কপি অফিসে জমা দিবে এবং অন্য কপি নিজে সংরক্ষণ করেবে।

গ) যদি অনলাইনে কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা না যায় সে ক্ষেত্রে ০৮/০১/২০২১ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের সকল পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফলের কপিসহ কলেজ অফিসে যোগাযোগ করবে।

**৩. ফরম পূরণের ফি জমা দেয়া:**

কলেজের নিজস্ব ওয়েব সাইট www.edencollege.eshiksabd.com এ প্রবেশ করে "edenstudent" ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। পরবর্তী নির্দেশনা অনুযায়ী তথ্য সরবরাহ করে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের পর ডাচ্‌বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং 'রকেট' অথবা "নেক্সাস পে" এ্যাপসের মাধ্যমে ডাচ্‌বাংলা ব্যাংকের যে কোন একাউন্ট হতে ফি পরিশোধ করা যাবে। ৩য় বর্ষের নিয়মিত ছাত্রীদের বেতন ও সেশন চার্জ জমা দিয়ে পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭ সনের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্সে ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২০১৮ সনের ডিগ্রী পাস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

ক) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৪, ২০১৫ সনের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৫ ও ২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০১৬, ২০১৭ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। এছাড়াও যে সকল শিক্ষার্থীরা ২০১৬ সনে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়ে ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন ও অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যে সকল পরীক্ষার্থীর উক্ত দুই পরীক্ষার ফলাফল (২০১৬ ও ২০১৭) মিলে ৩য় বর্ষের প্রমোশনের শর্তাবলি পূরণ করে তারাও আলোচ্য ২০১৮ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

খ) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০১৬, ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা এক বা একাধিক কোর্সে এফ গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে মানোন্নয়ন শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় যারা সি বা ডি গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৮ সনে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দু'টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বে গ্রেড বহাল থাকবে।

**সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)**

ক) ২০১৫-১৬ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৪-১৫ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

29.12.2020

(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। সংরক্ষণ নথি।